# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd


স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৫.২২১ তারিখ: ২১ডিসেম্বর, ২০২৫ খ্রি.

## ই-সেবায় শিক্ষক তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রম পরিচালিত সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের চলমান বোর্ড মূল্যায়ন পর্বসমূহের [১ম(২০২৫-২৬), ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে) পাঠদানকারী শিক্ষকগণের তালিকা (বিভাগীয় প্রধান, চীফ ইন্স:, উপাধ্যক্ষ ও অধ্যক্ষসহ) ওয়েবসাইটের মাধ্যমে **ই-সেবায় আগামী ২২-২৮ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে** স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ করার জন্য বলা হলো। উল্লেখ্য, পূর্বে ই-সেবায় এন্ট্রিকৃত তালিকায় সকল শিক্ষকদের তথ্য হালনাগাদ (যেমন: নাম, পদবী, নিজ নামের সোনালী ব্যাংক হিসাব নম্বর, মোবাইল নম্বর, শাখার নাম , চলমান পর্বের পাঠদানকারী বিষয়সমূহ এন্ট্রি ইত্যাদি) করে দিতে হবে। **বোর্ডের সকল বিল সংক্রান্ত কার্যক্রমের ক্ষেত্রে নাম অঙ্কিত সিল ব্যবহার করতে হবে। কোনক্রমেই পরবর্তীতে ব্যাংক হিসাব নম্বর, ও মোবাইল নম্বর সংশোধন করা যাবে না।** এই তালিকাকে ভিত্তি ধরে বোর্ডর বিভিন্ন কার্যক্রমের জন্য শিক্ষক নিয়োগ প্রদান করা হবে।

**ই-সেবায় শিক্ষক তথ্য প্রেরণের ধাপ:** www.bteb.gov.bd → ই-সেবা → Sign-In করুন → Institute → Teacher Entry Menu থেকে এন্ট্রি করতে হবে।

ই-সেবার Password এর জন্য রেজিস্ট্রেশন করে Password Set করুন এবং সংরক্ষণ করুন।

[www.bteb.gov.bd → ই-সেবা → প্রতিষ্ঠান → Registration (প্রয়োজনী তথ্য দিন) → Submit for OTP (OTP প্রবেশ করান) → Submit]। এ সংক্রান্ত তথ্যের জন্য প্রয়োজনে যোগাযোগ করুন ০১৫৫০৬২০৬০৪।

**ই-সেবায় তথ্য এন্ট্রির সময় নিম্নলিখিত বিষয়সমূহ খেয়াল রাখতে হবে।**

- শিক্ষক তথ্য এন্ট্রির সময় তাদের পদবিসমূহ এবং চাকুরিতে যোগদানের তারিখ নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগনের চাকুরির ধরন [রাজস্ব খাতভুক্ত, সমাপ্ত প্রকল্প, Ins(URP), w/s (URP), Jr.Ins(URP), ইত্যাদি] সঠিকভাবে নির্বাচন করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই অনুমোদিত প্রতিষ্ঠান হতে অর্জিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।
- প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের নিজ নিজ মূল টেকনোলজি অন্তর্ভূক্ত করতে হবে। (যদিও নিজ প্রতিষ্ঠানে না থাকে)।
- উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রত্যেক শিক্ষক তার টেকনোলজি এবং শ্রেণী পাঠদান **সংশ্লিষ্ট সর্বোচ্চ ৪ (চার)** টি বিষয় নির্বাচন করে ই-সেবায় এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগন কোন কোন কাজে আগ্রহী (যেমন : অনাভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন, উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষণ, প্রধান পরীক্ষণ, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন ইত্যাদি) তা সঠিকভাবে ক্রমানুযায়ী উল্লেখ করতে হবে।
- কোন শিক্ষক যদি বোর্ডর কোন কাজে আগ্রহী না থাকেন তাহলে আগহী নয় মর্মে যথাযথ স্থানে এন্ট্রি দিতে হবে।

বি. দ্র. শিক্ষকদের তথ্যাদি ই-সেবায় এন্ট্রি বা হালনাগাদকরেণের পূর্বে প্রতিষ্ঠান প্রধানগণ অবশ্যই স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের ভালোভাবে যাচাই করে নিশ্চিত হবেন।

২১/১২/২৫

**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৫.২২১(১০) তারিখ: ২১ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

২. অধ্যক্ষ, সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট।

৩. অধ্যক্ষ/পরিচালক, ..........................................................................................।

৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি ওয়েবসাইটে -এ প্রকাশ এবং বর্ণিত তারিখ মোতাবেক অনলাইন কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]।

৭. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৮. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০. নথি।

২১/১২/২০২৫

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন: ০২-৫৫০০৬৫৩১